

**চট্টগ্রাম শিক্ষা বোর্ডে  
ফৌজদারহাট ক্যাডেট  
কলেজ শীর্ষে**

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস।  
প্রথমবারের ন্যায় অনুষ্ঠিত চট্টগ্রাম  
শিক্ষাবোর্ডের এসএসসি পরীক্ষায় ফলে  
মেধা তালিকায় ফৌজদারহাট ক্যাডেট  
কলেজের অবস্থান শীর্ষে রয়েছে। বিজ্ঞানের  
সম্মিলিত মেধা তালিকায় ১মসহ ৮টি  
স্থান দখল করেছে এ কলেজ। এর পরের  
স্থানে রয়েছে যৌথভাবে ইস্পাহানী  
পাবলিক হাইস্কুল ও চট্টগ্রাম কলেজিয়েট  
স্কুল। ৩য় স্থানসহ ইস্পাহানী পাবলিক  
হাই স্কুল পেয়েছে ৭টি এবং ৪র্থ স্থানসহ  
কলেজিয়েট স্কুল পেয়েছে ৭টি। এছাড়া  
চট্টগ্রাম গবর্নমেন্ট হাই স্কুল ২, চট্টগ্রাম  
পাবলিক হাইস্কুল ২, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়  
স্কুল ও কলেজ ১, সরকারী মুসলিম হাই  
স্কুল ১, বাংলাদেশ মহিলা সমিতি গার্লস  
হাইস্কুল ১, সীল মিলস হাই স্কুল ১ ও  
টিএসসি কমপ্লেক্স হাইস্কুল ১টি করে স্থান  
পেয়েছে। মেধাতালিকায় ছেলের তুলনায়  
মেয়েরা অনেক পিছনে রয়েছে।

সমাজ বিজ্ঞানের সম্মিলিত মেধা তালিকায়  
মেয়েরাই ১ম ও ২য় স্থান দখল করেছে। এ  
দুইগণের মেধাতালিকায় ফৌজদারহাট  
ক্যাডেট কলেজ ৭টি স্থান দখল করেছে।  
তবে প্রথম স্থান দখল করেছে ইস্পাহানী  
পাবলিক হাইস্কুল।

**ইস্পাহানী পাবলিক  
স্কুলের রেজাল্ট  
চমৎকার**

মহসিন চৌধুরী, চট্টগ্রাম অফিস

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে  
প্রথমবারের মতো অনুষ্ঠিত  
এসএসসি পরীক্ষায় ইস্পাহানী  
শিক্ষাগোষ্ঠী অর্ধানুকূল্যে পরিচালিত  
ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ  
চমৎকার ফল করেছে। ক্যাডেট কলেজের  
শুজ্বাদদেশ ও পাশ্চাত্যের প্রশিক্ষণ  
পদ্ধতিতে পরিচালিত এ প্রতিষ্ঠান থেকে  
বিভিন্ন মেধা তালিকায় ১৩টি স্থান দখল  
করে নিয়েছে। ১১ ছাত্রছাত্রী ৩টি মেধা  
তালিকায় স্থান নিয়েই সীমাবদ্ধ ছিল না,  
৬৮ জন পরীক্ষায় অংশ নিয়ে সবাই প্রথম  
বিভাগ পেয়েছে। সমাজ বিজ্ঞান বিভাগ  
থেকে মাত্র ৪ জন পরীক্ষা দিয়ে ২ জন  
মেধা তালিকায় রয়েছে। ছাত্রছাত্রীদের প্রায়  
সকলে এ ঈর্ষণীয় সাফল্যের পিছনে  
শিক্ষিকা ও অধ্যক্ষার ভূয়সী প্রশংসা  
করেছে। এ ব্যাপারে অধ্যক্ষা হাসিনা  
জাকারিয়া মন্তব্য করেন, নিয়মতান্ত্রিকতা ও  
ছাত্র-শিক্ষিকাদের প্রচেষ্টাই এই সুখবর  
বয়ে আনে। ইস্পাহানী স্কুলের পক্ষে  
বিজ্ঞান বিভাগে ৩য় ৪র্থ ৭ম ৮ম  
১৪তম ১৫তম ১৮তম সমাজ বিজ্ঞানে  
১ম ও ১০ম হয়। মেয়েদের মেধা তালিকায়  
৫ম ৮ম ৯ম ১০ম স্থান পায়।  
এদিকে মেধা তালিকায় স্থানপ্রাপ্তদের প্রায়  
সকলেই জনকণ্ঠের শিক্ষা সাগরকে ভূয়সী  
প্রশংসা করেছে। এতে তারা সকলে উপকৃত  
হয়।

**বাজশাহী শিক্ষা বোর্ডে  
মেধা তালিকার  
শীর্ষে বগুড়া জিলা স্কুল**

স্টাফ রিপোর্ট, বগুড়া অফিস বাজশাহী  
বোর্ডের এসএসসি পরীক্ষায় মেধা  
তালিকায় বগুড়া জিলা স্কুল সবচেয়ে ভাল  
ফল করেছে। ফলাফলে এরার মেয়েদের  
অবস্থান ছেলের তুলনায় খুবই ভাল।  
বিজ্ঞান বিভাগে মেয়েদের মধ্যে মাত্র ৪  
জন তৃতীয় বিভাগ পেয়েছে। ফলাফলে  
দেখা যাচ্ছে মেধা তালিকায় বগুড়া জিলা  
স্কুল বোর্ডের শীর্ষ স্থান (প্রথম স্থান)সহ  
বিজ্ঞান বিভাগে ২০টির মধ্যে ৯টিই  
পেয়েছে। এই স্থানগুলো হলো প্রথম ৬ষ্ঠ,  
৮ম, দশম একাদশ, দ্বাদশ, চতুর্দশ,  
১৯তম (২টি)। সমাজ বিজ্ঞান বিভাগেও  
বগুড়া জিলা স্কুল পেয়েছে ৪র্থ আসন।  
ফলাফলে মেয়েদের অবস্থান বিজ্ঞান  
বিভাগে শতকরা ৬৮ দশমিক ৯২ ভাগ  
পাস করেছে। ছেলের পাসের হার  
সেখানে ৬৪ দশমিক ২৪ ভাগ। সমাজ  
বিজ্ঞান বিভাগেও মেয়েরা প্রগিয়ে। পাসের  
হার ৩০ দশমিক ৫৪ ভাগ। সেখানে  
ছেলেদের পাসের হার ২৪ দশমিক ৯৭  
ভাগ। বিজ্ঞান বিভাগে মাত্র ৪ মেয়ে তৃতীয়  
বিভাগ পেয়েছে। বিজ্ঞান বিভাগে ৩৪ ছেলে  
তৃতীয় বিভাগ পেয়েছে।